# চূড়ান্ত ভোটার তালিকা দুই সপ্তাহের মধ্যে প্রকাশ পাবে: সিইসি



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন জানিয়েছেন, আসন্ন নির্বাচনের প্রস্তুতি এগিয়ে চলছে। আগামী দুই সপ্তাহের মধ্যেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। একইসঙ্গে তিনি হুঁশিয়ারি দেন, ভোটকেন্দ্র দখলের চেষ্টা হলে সেই কেন্দ্রের ভোট বাতিল করা হবে।

আসন্ন ফেব্রুয়ারির নির্বাচনকে সামনে রেখে প্রস্তুতিমূলক কাজ চলমান রয়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন। তিনি বলেন, কমিশনের পরিকল্পনা অনুযায়ী আগামী দুই সপ্তাহের মধ্যেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

শনিবার (২৩ আগস্ট) রাজশাহীতে এক অনুষ্ঠানে তিনি বলেন, এবার আর কেউ কেন্দ্র দখল করে নির্বাচনে জয়লাভের সুযোগ পাবে না। দখল বা অনিয়মের চেষ্টা করা হলে সঙ্গে সঙ্গে সেই কেন্দ্রের ভোট বাতিল করা হবে। সুষ্ঠু নির্বাচন আয়োজনের জন্য সব ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে কমিশন বলে জানান সিইসি।

LENS ASIA